# খুলনা সিটি কর্পোরেশন

খুলনা।

## (রাজস্ব বিভাগ)

| সময় মত পৌরকর পরিশোধ করুন। | নাগরিক সেবায় সহযোগিতা করুন। |
| --- | --- |

## বাংলা ১৪৩১ সনের জন্য হাট-বাজার পুনঃ ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন সরকারী হাট-বাজার সমূহ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ের ১লা মার্চ ২০১৬ খ্রিঃ তারিখের স্মারক নং ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০ (অংশ-১) ৮৮ স্মারকের নির্দেশনা মোতাবেক সংশোধিত ইজারা মূল্য বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) খুলনা সিটি কর্পোরেশনের হিসাব শাখা হতে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নির্ধারিত তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত (১) প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা (২) জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব), খুলনা এর দপ্তর কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সের মাধ্যমে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.০০ টার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। উল্লেখ্য যে, বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে কর্পোরেশনের বাজার শাখা হতে জানা যাবে।

**তফসিল ঃ**

**হাট বাজারের নাম ও দরপত্র দাখিলের সময় সূচি ঃ**

| ক্রঃ নং | হাট বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ | | | | |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| | | ১ম বার<br>০৫-০৫-২৪ | ২য় বার<br>২১-০৫-২৪ | ৩য় বার<br>০৬-০৬-২৪ | ইজারা মূল্য | দরপত্র মূল্য |
| ১. | খুলনা বড় বজার | ঐ | ঐ | ঐ | ১৬,৭৯,৮১৯/- | ৪,৭০০/- |
| ২. | বড়বাজার সংলগ্ন নড়াইল কাছারী ঘাট | ঐ | ঐ | ঐ | ৫,১২,৮৫৩/- | ১,৮০০/- |
| ৩. | দৌলতপুর বাজার জিলানী পাইঃ বাঃসহ | ঐ | ঐ | ঐ | ২৮,৬৮,৩৪০/- | ৬,১০০/- |
| ৪. | বয়রা বাজার | ঐ | ঐ | ঐ | ৫,২৪,৯৭৯/- | ১,৮০০/- |
| ৫. | রায়েরমহল বাজার | ঐ | ঐ | ঐ | ১,১৩,৮৩৩/- | ১,৩০০/- |
| ৬. | জংশন বাজার | ঐ | ঐ | ঐ | ১,৬৩,২৪০/- | ১,০০০/- |
| ৭. | ফুলবাড়ী গেট বাজার | ঐ | ঐ | ঐ | ৩,২১,৪১২/- | ১,৬০০/- |
| ৮. | মহেশ্বরপাশা কালীবাড়ী বাজার | ঐ | ঐ | ঐ | ১৯,৮০৫/- | ৫০০/- |
| ৯. | রেলীগেট বাজার | ঐ | ঐ | ঐ | ২,২২১/- | ৫০০/- |
| | | কর্পোরেশনের নিজস্ব হাট-বাজার | | | | |
| ১. | মিস্ত্রীপাড়া বাজার | ঐ | ঐ | ঐ | ৩,৮৩,২৫৪/- | ১,৬০০/- |
| ২. | খালিশপুর সিটি সুপার মার্কেট | ঐ | ঐ | ঐ | ৩,৪২,৮৯৭/- | ১,৬০০/- |
| ৩. | শেখপাড়া বাজার | ঐ | ঐ | ঐ | ১,৯৯,৫৪৩/- | ১,৪০০/- |
| ৪. | ময়লাপোতা কেসিসি সন্ধা বাজার | ঐ | ঐ | ঐ | ৪,৯০,২০১/- | ১,৮০০/- |

শর্তাবলী ঃ

১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত **০১ (এক)** বছরের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ১০০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে **মেয়র, খুলনা সিটি কর্পোরেশন** এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায়, দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। দরদাতার দাখিলকৃত দর, কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরের মোট অর্থের ১৫% টাকা মূল্য সংযোজন কর ও ১০% টাকা আয়কর ইজারা অর্থের সাথে এককালীন ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে মূল কপি জমা দিতে হইবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার পরিচ্ছন্ন করবেন এবং হাটের কোন ক্ষতিসাধন করলে কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নিবে তা মানিয়া নিতে হবে।

৩. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৪. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। ইজারাদারের নাম ঠিকানা নিশ্চিতকল্পে নাগরিক সনদের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি,০২ কপি ছবি, ট্রেড লাইসেন্স এর কপি ও টিন সার্টিফিকেটের কপি(যদি থাকে)সহ দরপত্র দাখিল করতে হবে।

৫. খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল রেইট চার্ট টানাইয়া প্রচার করবেন।

*অপর পাতায়*

৭. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১২. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৩. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫. হাট বাজারের ইজারার টাকা বকেয়া হলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৬. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

**১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।**

স্বাঃ
**লষ্কার তাজুল ইসলাম**
যুগ্মসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
ফোন -০২৪৭৭-৭২০৪০৯

স্মারক নং-৪৬.১৩.০০০০.১০.১৮.২০.২৪-৬৭    তাং- 07/08/24

**অনুলিপি সদয় অবগতি/বহুল প্রচারের জন্য(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ঃ**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩. চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
৪. পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
৫. জেলা প্রশাসক, খুলনা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।
৮. সহকারী কমিশনার (ভূমি) সদর/দিঘলিয়া, খুলনা।
৯. সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক।

স্বাঃ
প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
ফোন -০২৪৭৭-৭২০৪০৯

স্মারক নং-৪৬.১৩.০০০০.১০.১৮.২০.২৪-৬৭    তাং- 07/08/24

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ঃ**

১. প্যানেল মেয়রস সদস্য/ কাউন্সিলরবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
২. বিভাগ/শাখা প্রধানগণ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৩. আই টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
(কেসিসি'র ওয়েভ সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সিএ টু-মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. নোটিশ বোর্ড, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৬. সংশ্লিষ্ট নথি।

07/08/24
প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
ফোন -০২৪৭৭-৭২০৪০৯

E/Less Bigopti.doc